

186 JAN 20 09
 ১৮৬

ঢাবির ক্লাস রুম নির্মাণে আড়াই কোটি টাকা দেবে ভারত

নিজস্ব স্বার্থ পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাটমঞ্চ মিলনায়তনে কলা ভবনের ৬ষ্ঠ উল্লম্ব ৯শ' বর্গফুট স্থানে নাট্যকলা ও সঙ্গীত বিভাগের জন্য 'ক্লাস রুম' নির্মাণের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা ও সঙ্গীত বিভাগ এবং ঢাকার ভারতীয় দূতাবাসের মধ্যে সমঝোতা চুক্তি সই হয়। চুক্তি অনুযায়ী ভারত ক্লাস রুম নির্মাণের জন্য প্রায় আড়াই কোটি টাকা দেবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এস এম এ ফায়েজ এবং ভারতীয় দূতাবাসের সহকমিশনার পিনাক রঞ্জন চক্রবর্তী এই চুক্তিতে সই করেন। উপ-উপাচার্য অধ্যাপক ড আ ফ ম ইউসুফ

হায়দারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই চুক্তিসই অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপাচার্য অধ্যাপক ড.

এস এম এ ফায়েজ, ভারতীয় দূতাবাসের সহকমিশনার পিনাক রঞ্জন চক্রবর্তী, কলা অনুষদের ডিন অধ্যাপক সদরুল আমিন, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক সুরেন্দ্র অর রশিদ, নাট্যকলা ও সঙ্গীত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ইসরাফিল শাহীন, অধ্যাপক মুনুলকাহি চক্রবর্তী এবং বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব হামেদ মজুমদার। প্রস্তাবিত এই শাখায় সঙ্গীত, অভিনয় ও নাট্যচর্চা শিক্ষার্থীদের জন্য শ্রেণীকক্ষ ছাড়াও গ্রন্থাগার ও কম্পিউটার কক্ষ, ডিজাইন এবং মেকআপ কক্ষ, অফিস স্পেসসহ অন্যান্য সুবিধা থাকবে।